কুষ্টিয়ায় বিপুল পরিমান নকল আকিজ বিড়ি জব্দ

কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার বৈরাগীচর পূর্বপাড়া গ্রামের হাবিল ও কাবিলের বাড়িতে অভিযান চালিয়ে বিপুল পরিমান নকল ব্যান্ডরোলযুক্ত আকিজ বিড়িসহ বিড়ি তৈরির বিভিন্ন উপকরন জব্দ করেছে পুলিশ।

আজ বুধবার দুপুর ২ টার দিকে দৌলতপুর থানা পুলিশ এ অভিযান পরিচালনা করেন।

পুলিশ সূত্রে জানা যায়, সরকারের মোটা অংকের টাকা রাজস্ব ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলায় কতিপয় অসাধু চক্র দীর্ঘদিন ধরে নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি উৎপাদন, বিক্রি ও বাজারজাত করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে বুধবার দুপুর ২ টার দিকে দৌলতপুর থানার উপ-পরিদর্শক সেলিম রেজার নেতৃত্বে পুলিশের একটি চৌকস টিম উপজেলার বৈরাগীচর পূর্বপাড়া গ্রামের হাবিল ও কাবিলের বাড়িতে অভিযান ও তল্লাশি চালায়।

এসময় ওই বাড়ি থেকে দুই বস্তায় আশি হাজার (৮০,০০০) শলাকা নকল ব্যান্ডরোলযুক্ত বিড়ি, কয়েক লক্ষ বিড়ির ঠোস, ফিল্টার, নকল পেটির বারকোড, লক্ষাধিক নকল ব্যান্ডরোলসহ বিপুল পরিমান বিড়ি তৈরির উপকরন জব্দ করা হয়।

পুলিশের উপস্থিতি টের পেয়ে অভিযুক্তরা বিড়ি ও বিড়ি তৈরির উপকরণ রেখে দ্রুত পালিয়ে যায়। অভিযান শেষে জব্দকৃত নকল আকিজ বিড়ি ও বিড়ি তৈরির উপকরন পুলিশ হেফাজাতে থানায় নিয়ে যাওয়া হয়েছে। আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যহত রয়েছে। একই সাথে তাদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে বলে জানান পুলিশ।

দৌলতপুর থানার উপ-পরিদর্শক সেলিম রেজা জানান, নকল ব্যান্ডরোল ব্যবহার করে এসব বিড়ি কোম্পানিগুলো দৈনিক বিপুল পরিমান টাকা রাজস্ব ফাঁকি দিয়ে দীর্ঘদিন ধরে অবৈধভাবে তাদের ব্যবসা কার্যক্রম পরিচালনা করে আসছিল। অভিযানে বিপুল পরিমান অবৈধ বিড়ি জব্দ করা হয়েছে।

তিনি আরো জানান, নকলের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যহত থাকবে। এছাড়া রাজস্ব ফাঁকি দিয়ে কেউ অবৈধভাবে বিড়ি উৎপাদন, বিক্রি ও

বাজারজাত করলে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

ঝিনাইদহ জেলা পরিষদের সদস্য রাজিব ও তার ভাইয়ের বিরুদ্ধে মামলা

ঝিনাইদহের কোটচাঁদপুরে উটজেলায় ব্যাংক এশিয়ার এজেণ্ট ব্যাংকিং থেকে এক প্রবাসি’র ৬৩ লাখ টাকা আৎসাত করার ঘটনায় কোটচাদপুর থানায় একটি মামলা করা হয়েছে।

আজ বুধবার (৭ ফেব্রুয়ারি) কোটচাঁদপুর থানায় ব্যাংক এশিয়ার ঝিনাইদহ এজেণ্ট ব্যাংকিংয়ের সিনিয়র রিলেশনসীপ অফিসার ও শাখা ব্যবস্থাপক নুরুন্নবী বাদী হয়ে মামলাটি দায়ের করেন কোটচাঁদপুর উপজেলার জগদীশপুর গ্রামের মৃত কওসার আলী মণ্ডলের ছেলে ঝিনাইদহ জেলা পরিষদ সদস্য রাজিবুল কবির রাজিব তার ভাই মনিরুল ইসলামের বিরুদ্ধে।

এর আগে গতকাল মঙ্গলবার দিনব্যাপী ঢাকা থেকে আসা তদন্ত দলের দুই সদস্য বিশিষ্ট কমিটি ব্যাংকটির ঝিনাইদহ শাখায় এ সংক্রান্ত কাগজপত্র যাচাই বাছাই করেন। ব্যাংক এশিয়ার ঝিনাইদহ শাখার ম্যানেজার সাইফুর রহমান জানান, ঢাকার তদন্ত দল নিবিড় ভাবে বিষয়টি তদন্ত করে কোটচাঁদপুর এজেন্ট ব্যাংকিংয়ের অনেক গ্রাহকের টাকা লোপাট করার তথ্য পান এবং টাকা উদ্ধারের স্বার্থে মামলা করার সিদ্ধান্ত নেন।

কোটচাঁদপুর উপজেলার রঘুনাথপুর গ্রামের কুয়েত প্রবাসী রোকনুজ্জামান রোকনের সঞ্চয়ী হিসাব নং-১০৮৩৪৪৪০০৬১০৬ এবং মুনাফা সঞ্চায়ী দুটি হিসাব নং-১০৮২৭৪৪০০০০০৮ ও ১০৮২৭৪৪০০০০০৯ থেকে প্রায় ৬৩ লাখ টাকা গায়েব করেন রাজিব । বিষয়টি নিয়ে রোকনুজ্জামান ব্যাংক এশিয়ার এজেন্ট ব্যাংকের সাবেক এজেন্ট মনিরুল ইসলাম (বর্তমান ঝিনাইদহ ডাচ বাংলা ব্যাংকে কর্মরত) ও পরবর্তী এজেণ্ট তার ভাই রাজিবুল কবিরের বিরুদ্ধে এজেণ্ট ব্যাংকিং ডিভিশন, ব্যাংক

এশিয়া লিমিটেড ঢাকা, ব্যাংক এশিয়া ঝিনাইদহ শাখা ও বাংলাদেশ ব্যাংকে লিখিত অভিযোগ করলে বিষয়টি তদন্ত করে টাকা লোপাটের বিষয়টি ধরা পড়ে।

মামলার বিষয়ে কোটচাঁদপুর থানার ওসি সৈয়দ আল মামুন জানান, ঝিনাইদহ ব্যাং এশিয়ার এজেণ্ট ব্যাংকিংয়ের সিনিয়র অফিসার ও শাখা ব্যবস্থাপক নুরুন্নবী বাদী হয়ে একটি মামলা করেছেন। মামলায় দুইজনকে আসামী করা হয়েছে। অভিযোগ গ্রহণের পর পুলিশ তদন্ত করে দাষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান।

আলমডাঙ্গায় নৌকার কর্মী হত্যা মামলায় ইউপি চেয়ারম্যান বিপুল বরখাস্ত

আলমডাঙ্গায় নৌকার কর্মী হত্যা মামলার চার্জশিটভুক্ত আসামি নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দারকে তাঁর পদ থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। গত সোমবার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সহকারী সচিব পুরবী গোলদার স্বাক্ষরিত এ-সংক্রান্ত একটি চিঠি চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও আলমডাঙ্গা ইউএনও বরাবরে পাঠানো হয়েছে। ই- মেইলে চিঠি পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন আলমডাঙ্গা ইউএনও স্নিগ্ধা দাস।

চিঠিতে উল্লেখ করা হয়, ইউপি চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুলের বিরুদ্ধে ২০২৩ সালের ২৪ মার্চ আলমডাঙ্গা থানায় হত্যা মামলা হয়েছে। এই মামলায় তাঁকে হত্যাকান্ডে হুকুম দাতা হিসেবে আসামি করে আলমডাঙ্গা থানা পুলিশ গত ৯ অক্টোবর অভিযোগপত্র দিলে তা চুয়াডাঙ্গার আদালতে গৃহীত হয়। ফলে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদের ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে সরকার মনে করে। সে জন্য এজাজ ইমতিয়াজ বিপুল জোয়ার্দ্দারের বিরুদ্ধে সংঘটিত অপরাধমূলক কার্যক্রম ইউনিয়ন পরিষদসহ জনস্বার্থের পরিপন্থি বিবেচনায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সুপারিশে স্থানীয় সরকার

আইনের ৩৪-এর (১) ধারায় তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

উল্লেখ্য, ২০২৩ সালের ১১ মার্চ উপজেলার নাগদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রচারণার সময় আওয়ামী লীগ ও বিদ্রোহী প্রার্থীর কর্মী-সমর্থকদের মধ্যে সংঘর্ষ হয়। এসময় আওয়ামী লীগ প্রার্থীর সমর্থক জহুরুলনগর গ্রামের আত্তাব মন্ডলের ছেলে দবির উদ্দিন, খবির উদ্দিন, আনিস ও একই গ্রামের ইসলাম লস্করের ছেলে মিয়াসহ বিদ্রোহী প্রার্থীর কয়েকজন কর্মী-সমর্থক আহত হন। এ ঘটনায় আহত দবিরের ছেলে খোকন ২৪ জনের নাম উল্লেখসহ আরও ১৫ জনকে অজ্ঞাত আসামি করে থানায় মামলা করেছিলেন। এরপর ১৩ দিন আইসিউতে চিকিৎসাধীন অবস্থায় ২৪ মার্চ শুক্রবার সকাল ১০টায় দবিরের মৃত্যু হলে, মামলায় হত্যা মামলার ধারা যুক্ত হয়। পরে পুলিশ চার্জশিট দাখিল করলে বিজ্ঞ আদালত কর্তৃক ৯ অক্টোবর ২০২৩ তারিখে জিআর ৪৯/২০২৩ মামলটি গৃহীত হয়। মামলার আসামি হয়েও বিপুল প্রথমবারের মতো ইউপি চেয়ারম্যান নির্বাচিত হন; অথচ তাঁর বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সম্প্রতি নিহত দবিরের ছেলে খোকন ইউপি চেয়ারম্যান বিপুলের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী এবং সচিব বরাবর লিখিত অভিযোগ করেছিলেন।

মিরপুরে তিনটি ইটভাটায় অভিযান: ৬ লাখ টাকা জরিমানা

কুষ্টিয়ার মিরপুরে অনুমোদনহীন অবৈধভাবে ৩টি ইটভাটায় ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়েছেন। এসময় ইটভাটা মালিকদের ৬ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার (৬ ফেব্রুয়ারি) দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত মিরপুর উপজেলা বিভিন্ন এলাকায় গড়ে উঠা অবৈধ এসব ইটভাটাগুলিতে অভিযান পরিচালনা করে উপজেলা প্রশাসন ও কুষ্টিয়া পরিবেশ অধিদফতরের তত্ত্বাবধানে ভ্রাম্যমাণ আদালত।

অভিযানে নেতৃত্ব দেন মিরপুর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) ও

বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. হারুন অর রশিদ।

এসময় তিনি বলেন, নিয়ম বহির্ভূত ইটভাটা পরিচালনা, জ্বালানি কাঠ ব্যবহারসহ নানা অনিয়মের অভিযোগে পরিবেশ অধিদফতরের সহযোগিতায় এ অভিযান চালানো হয়। অভিযানে মিরপুর উপজেলার হাউসপুরে অবস্থিত আরএইচআরবি ব্রীকস, এমএএসবি ব্রীকস এবং এমএএস ব্রীকস নামের ৩টি ইটভাটাকে ৬ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয় কুষ্টিয়ার সহকারী বায়োকেমিস্ট (প্রসিকিউটর) নরেশ চন্দ্র বিশ্বাসসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয় কুষ্টিয়ার সহকারী বায়োকেমিস্ট (প্রসিকিউটর) নরেশ চন্দ্র বিশ্বাস বলেন, এসব অবৈধ ইটভাটা বন্ধে আমাদের অভিযান চলমান থাকবে। পর্যায়ক্রমে সব ইটভাটায় অভিযান পরিচালনা করা হবে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান ১৫ হাজার টাকা জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত সার ও গো-খাদ্য একসাথে রাখার দায়ে উত্তরা ট্রেডার্সে ১৫ হাজার টাকা জরিমানা করেছে। আজ মঙ্গলবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট স্নিগ্ধা দাস ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে অবৈধ ভাবে চাউল মজুদের বিরুদ্ধে বিভিন্ন গোডাউন পরিদর্শন করা হচ্ছিল। এসময় আলমডাঙ্গা পুরাতন বাজার এলাকার গীরিধারী লাল মোদীর উত্তরা ট্রেডার্সের গোডাউনে গিয়ে গো-খাদ্য ও সার পাশাপাশি রাখার দায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৫৩ ধারায় ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় উত্তরা ট্রেডার্মের ম্যানেজার সমীর সাহা জরিমানার টাকা

পরিষদ করেন। এদিকে দীর্ঘদিন ধান মজুদ রাখায় ১০ দিনের মধ্যে তা বিক্রি করে দেওয়ার নির্দেশ ও গোডাউন সিলগালা করে দেওয়া হয়।

অভিযানকালে উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল মালেক,থানার এসআই আমিনুল ইসলামসহ থানার একদল ফোর্স।

কোটচাঁদপুর কপোতাক্ষ নদে উপজেলা প্রশাসনের অভিযান

কোটচাঁদপুরে কপোতাক্ষ নদে উপজেলা প্রশাসনের অভিযানে অবৈধভাবে নিষিদ্ধ চাইনা দুয়াড়ি পেতে মাছ ধরার অপরাধে দুয়াড়ি জব্দ করে আগুন ধরিয়ে ধ্বংস করা হয়েছে ।

মঙ্গলবার (৬ জানুয়ারি) দুপুরে উপজেলার এলাঙ্গী ইউনিয়নের বলাবাড়িয় বাগডঙ্গা এলাকায় এ অভিযান চালায় উপজেলা প্রশাসন। নিষিদ্ধ চাইনা দুয়াড়ি পেতে মাছ শিকার করছে এমন সংবাদের ভিত্তিতে উপজেলা নির্বাহী অফিসার উছেন মে কপোতাক্ষ নদে অভিযান চালান। এ সময় তিনি ১৪ টি চায়না নিশিদ্ধ দুয়াড়ি জব্দ করেন। পরে তা ওই নদের তীরেই আগুন দিয়ে ধ্বংস করা হয়।

দুয়াড়ি ধ্বংসের সময় উপস্থিত ছিলেন,উপজেলা সিনিয়র মৎস্য অফিসার সঞ্জয় কুমার,কোটচাঁদপুর মডেল থানার উপপরিদর্শক নাজিবুল হক সহ থানা পুলিশের একটি চৌকস দল অভিযানে অংশ গ্রহণ করেন।

ঝিনাইদহ জেলা বিএনপি ও

অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীকে জামিন নামঞ্জুর

নাশকতার মামলায় ঝিনাইদহ জেলা বিএনপির ও অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীকে জামিন মঞ্জুর না করে জেল হাজলে পাঠিয়েছে ঝিনাইদহ সদর আমলী আদালতের বিচারক।

আজ সোমবার দুপুরে ঝিনাইদহ সদর আমলী আদলতের বিচারক ফারুক আজম এ আদেশ দেন। মামলা নম্বর-৩৩৪/২৩। জেল হাজতে প্রেরনকারীরা হলো- ঝিনইদহ জেলা বিএনপির সহ-সভাপতি বদরুদ্দোজা বাদশা, সাংগঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু, জেলা যুবদলের সভাপতি আহসান হাবিব রনক, সহ-সভাপতি মনিরুল ইসলাম, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু, জেলা স্বেচ্ছাসেবক দলের ভারপ্রাপ্ত সভাপতি রুহুল আমিন পিকুল, সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম, জেলা ছাত্র দলের সহ-সভাপতি ইমরান হোসেন, সাধারণ সম্পাদক মুশফিকুর রহমান মানিক, মিলন ও বখতিয়ার মাহমুদ।

ঝিনাইদহ জেলা বিএনপির সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস জানান, জেলা বিএনপির ও অঙ্গসংঠনের ১২ নেতাকর্মীর নামে গায়েবী মামলা হয়। সেই মামলায় হাই কোর্ট থেকে জামিনে ছিলেন তারা। নিন্ম আদালতে জামিনের জন্য হাজির হলে ঝিনাইদহ সদর আমলী আদালতের বিচারক ফারুক আজম জামিন মঞ্জুর না করে জেল হাজতে পাঠানোর নির্দেশ প্রদান করেন।

আলমডাঙ্গায় ছয় মাসের সাজাপ্রাপ্ত ও ইউনিয়ন আ.মী লীগের সভাপতি গ্রেপ্তার

আলমডাঙ্গায় চেক জালিয়াতি মামলায় ছয় মাসের সাজাপ্রাপ্ত আসামী আওয়ামী লীগ নেতা হাফিজুর রহমান বাবলুকে গ্রেপ্তার করেছে পুলিশ।

আজ সোমবার বিকেলে আলমডাঙ্গা থানাপুলিশ পৌর এলাকার সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত হাফিজুর রহমান বাবলু উপজেলার খাদিমপুর গ্রামের মৃত আনিসুজ্জামান জোয়ার্দ্দারের ছেলে।

তিনি খাদিমপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাব-রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির সাধারণ সম্পাদক।

বাবলু চেক জালিয়াতির একটি মামলায় পরোয়ানাভুক্ত আসামি ছিলেন। পরে সেই মামলায় বিজ্ঞ আদালত হাফিজুর রহমান বাবলুকে ৬ মাসের কারাদণ্ড দেন। আদালতের রায় ঘোষণার পর থেকেই পালাতক ছিলেন আওয়ামী লীগ নেতা বাবলু।

হাফিজুর রহমান বাবলুর আটকের বিষয়টি নিশ্চিত করে আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া বলেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে সাব-রেজিস্ট্রি অফিস এলাকা থেকে তাকে আটক করা হয়েছে। বিকেলেই সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে পাঠানো হয়েছে।

শৈকুপায় চাঞ্চল্যকর লাল্টু হত্যা মামলার প্রধান আসামী গ্রেপ্তার

ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় পরকীয়া প্রেমের জের ধরে চাচা লাল্টু মোল্লাকে কুপিয়ে হত্যা মামলার প্রধান পলাতক আসামী ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার কাকুড়াডাঙ্গা গ্রামের ভাতিজা মোঃ মিরাজ মোল্লা
(২২) কে গ্রেপ্তার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

গতকাল রবিবার (৪ ফেব্রুয়ারি) রাতে ঝিনাইদহ র্যাব-৬ এর একটি আভিযানিক দল, হত্যা মামলার প্রধান পলাতক আসামী মিরাজ মোল্লকে কুষ্টিয়া জেলার খোকসা এলাকা থেকে গ্রেপ্তার করে।

ঘটনার সূত্রপাত থেকে জানা যায়, প্রায় ১ বছর আগে উপজেলার ১২ নং নিত্যানন্দনপুর ইউনিয়নের কাকুড়াডাঙ্গা গ্রামের গ্যানো মোল্লার

ছেলে ভিকটিম লাল্টু মোল্লা (৩৫) তার বড় ভাবি রিভা বেগমের সাথে পরকীয়ায় জড়িয়ে বাড়ি থেকে পালিয়ে বিয়ে করে। এ ঘটনায় ওই পরিবারের মাঝে বিরোধ শুরু হয়। ভিকটিম লাল্টু দীর্ঘদিন আত্মগোপন থেকে সম্প্রতি বাড়িতে ফিরে আসে।

গত বৃহস্পতিবার (১ ফেব্রুয়ারি) দুপুরে ভিকটিম লাল্টু বাজার থেকে বাড়ি ফিরার পথে বিলের ধারে একটি মাছের খামারের কাছে পৌঁছালে আসামী আসাদ ও মিরাজ পূর্বপরিকল্পিতভাবে ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে। একপর্যায়ে গুরুতর আহত অবস্থায় লাল্টু মাটিতে লুটিয়ে পড়ে। স্থানীয়রা তাকে উদ্ধার করে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ বিষয়ে ভিকটিম এর মাতা গত ১ ফেব্রুয়ারি শৈলকুপা থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

র্যাব-৬ এর কোম্পানি কমান্ডার স্কোয়াড্রন লীডার ইশতিয়াক হোসাইন জানান, শৈলকুপায় পরকীয়া প্রেমের জের ধরে চাচা লাল্টু মোল্লাকে কুপিয়ে হত্যা করা হয়। এ ঘটনার বিষয়ে র্যাব-৬ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল ছায়া তদন্ত শুরু করে এবং উক্ত হত্যা মামলার প্রধান আসামীকে গ্রেপ্তারে গোয়েন্দা তৎপরতা অব্যাহত রাখে। এরই ধারাবাহিকতায় গতকাল রবিবার (৪ ফেব্রুয়ারি) রাতে ঝিনাইদহ র্যাব-৬ এর একটি আভিযানিক দল গোপন তথ্যের মাধ্যমে জানতে পারে যে, হত্যা মামলার প্রধান পলাতক আসামী মিরাজ মোল্লা কুষ্টিয়া জেলার খোকসা এলাকায় অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাব-৬ এর আভিযানিক দলটি কুষ্টিয়া জেলার খোকসা থানা এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে হত্যা মামলার প্রধান পলাতক আসামী ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার কাকুড়াডাঙ্গা গ্রামের মিরাজ মোল্লাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে উক্ত হত্যাকান্ডের সাথে সম্পৃক্ততার কথা স্বীকার করে।

গ্রেপ্তারকৃত আসামীকে শৈলকুপা থানায় হস্তান্তর করা হয়েছে।

দর্শনায় বাংলা মদসহ ব্যবসায়ী জয় গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় বিশেষ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১শ ২০ লিটার বাংলা মদসহ দীর্ঘদিনের মাদক ব্যাবসায়ী জয়দেব কুমার বিশ্বাসকে (৪৮) গ্রেফতার করেছে।

সে দর্শনা পৌরসভার আজমপুর গ্রামের মৃত মুরালী মোহন বিশ্বাসের ছেলে।

আজ সোমবার (৫ ফেব্রুয়ারি) সকাল ১০ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল বাজার মনোরঞ্জন মার্কেটের দক্ষিন পাশে।এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) খান আঃ রহমান সঙ্গীয় ফোর্সসহ ১৫ টি প্লাস্টিকের কন্টিনেটার ভর্তি ১২০ লিটার বাংলা মদসহ জয়দেব বিশ্বাসকে গ্রেফতার করে।

পুলিশ জানায় জয় দীর্ঘদিন ধরে এই বাংলা মদের ব্যবসা করে আসছে।তার বিরুদ্ধে নকল মদ তৈরি করে বিক্রি করে এমনও অভিযোগ রয়েছে।এই বাংলামদের আনুমানিক বাজার মৃল্য ১ লক্ষ ২০ হাজার টাকা।

এ দিকে জয়দেব বিশ্বাসের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ নিয়মিত মামলা রুজু করা হয়েছে।